Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 29 June, 2025

বলিউড কিং শাহরুখ খান ও অভিজ্ঞ অভিনেতা জ্যাকি শ্রফ—দুজনেই দুই দশকের বেশি সময় ধরে কাজ করছেন বলিউডে। একসঙ্গে কাজ করেছেন 'কিং আঙ্কল', 'ওয়ান টু কা ফোর', 'দেবদাস'-এর মতো ছবিতে। তবে শুধু পর্দায় নয়, বাস্তব জীবনেও তাদের সম্পর্ক বন্ধুত্ব ও স্নেহে ভরপুর।

সম্প্রতি বিকি লালওয়ানিকে দেওয়া এক সাক্ষাৎকারে শাহরুখ খানকে নিয়ে আবেগঘন স্মৃতি শেয়ার করেন জ্যাকি শ্রফ।

"আমি ওকে প্রথম দেখি 'কিং আঙ্কল'-এর সেটে। তখন সে আমার ছোট ভাইয়ের চরিত্রে অভিনয় করছিল। ওর মধ্যে দারুণ ফোকাস, ক্যারিশমা আর নিষ্ঠা ছিল। কিন্তু তার মধ্যে ছিল একধরনের নিঃসঙ্গতা। যেমনটা আমি নিজের মধ্যে অনুভব করতাম। সেটি আমার ভালো লেগেছিল,"—বললেন জ্যাকি।

তিনি আরও বলেন,

"একবার কেউ বলেছিলেন, প্রত্যেক অভিনেতার জীবনে একাকিত্ব থাকা দরকার। আমি দেখেছি, শাহরুখ এক কোণে একা বসে থাকত, নিজেকে গুটিয়ে রাখত। 'দেবদাস'-এর সময়ও একই রকম লাগছিল তাকে।"

'শীর্ষে ওঠার পর চারপাশটা ফাঁকা'

শাহরুখ খানের সুপারস্টার হয়ে ওঠার পথ নিয়ে জ্যাকি বলেন,

"যখন কেউ এভারেস্টের চূড়ায় ওঠে, সেখানে সঙ্গে থাকে শুধু নিজের ছায়া। ওপরে থাকা মানেই নিঃসঙ্গতা।শাহরুখও ঠিক তেমনই–শীর্ষে থেকেও একা।শুধু নিজের ছায়া তার সঙ্গী।"

দুজনকে সর্বশেষ একসঙ্গে দেখা গিয়েছিল ২০১৪ সালের 'হ্যাপি নিউ ইয়ার' ছবিতে। শোনা যাচ্ছে, শাহরুখের আসন্ন ছবি 'কিং'-এ ফের একসঙ্গে কাজ করতে পারেন তারা। যদি সেটি হয়, তবে পুরনো বন্ধুত্বের আরেকটি উজ্জ্বল অধ্যায় যুক্ত হবে বলিউডে।

শাহরুখ খান জ্যাকি শ্রফ বলিউড

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 21:37

URL: https://www.timestodaybd.com/entertainment/7758073895